



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-২০/২০২৫

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ১৮/০৩/২০২৫ খ্রি.

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, টার্মিনাল ম্যানেজার এর দপ্তর নথি নং: ১৮.১৩.০০০০.০০০.০৩৪.০৪.০০০৩.২৪/৭৮৮, তারিখঃ ১৩/০৩/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।


মোঃ মিজানুর রহমান
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং-১৮.১৩.০০০০.০০০.০৩৪.০৪.০০০৩.২৪/৭৮৮

তারিখ : ১৩/০৩/২০২৫ইং

বিষয় : পবিত্র ঈদ-উল-ফিতর এর পরে এবং বিভিন্ন বন্ধের দিন সমূহে দেশের নিত্যপ্রয়োজনীয় ভোগ্য পণ্যের সাপ্লাই চেইন নিরবচ্ছিন্ন রেখে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে চট্টগ্রাম বন্দরে বিভিন্ন আমদানীকারক কর্তৃক আনীত এফসিএল কন্টেইনার/এলসিএল কার্গো সপ্তাহের অন্যান্য দিনের ন্যায় শুক্রবার, শনিবার ও রবিবার দ্রুত ডেলিভারী নেয়া প্রসঙ্গে।

সূত্র : সমন্বয়ের পত্র নং-১৮.১৩.০০০০.০০০.০৩৪.০৪.০০০৩.২৪/৭৬০, তারিখঃ ০৫/০৩/২০২৫ ইং।

চট্টগ্রাম বন্দরে জাহাজ হতে অবতরণকৃত সকল এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো ৪(চার) দিন ফ্রি টাইমের মধ্যে আমদানীকারকগণ চট্টগ্রাম বন্দর থেকে নির্দিষ্ট হারে বন্দরের চার্জাদি পরিশোধ করে পণ্য খালাস নিতে পারে। চট্টগ্রাম বন্দরে ২৪ ঘন্টা/৭ দিন কন্টেইনার/কার্গো খালাস কার্যক্রম চলমান রয়েছে। ১৩/০৩/২০২৫ ইং তারিখে চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ডে ২৫,৯০০ টিইইউএস এফসিএল কন্টেইনার এবং বিভিন্ন সিএফএস শেড সমূহে বিপুল পরিমাণ এলসিএল পণ্য স্থিত রয়েছে। বেশি পরিমাণ এফসিএল কন্টেইনার ইয়ার্ডে স্থিত থাকায় ও এলসিএল কার্গো সিএফএস শেড সমূহে স্থিত থাকায় অপারেশনাল কার্যক্রমে বিঘ্ন হচ্ছে। চট্টগ্রাম বন্দরে আগত কন্টেইনারবাহী জাহাজ হতে কন্টেইনার লোডিং-আনলোডিং কার্যক্রমের গতিশীলতা স্বাভাবিক রাখা ও পবিত্র রমজান মাসে চাল, ডাল, চনা, গম, চিনি, তেল, খেজুর সহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় ভোগ্য পণ্যের সাপ্লাই চেইন নিরবচ্ছিন্ন রেখে দেশে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার স্বার্থে ইয়ার্ড এবং সিএফএস শেড সমূহে রক্ষিত পণ্য চালানোর ডেলিভারী বৃদ্ধি করা খুবই জরুরী। পাশাপাশি চট্টগ্রাম বন্দর হতে সপ্তাহের অন্যান্য দিনের ন্যায় শুক্রবার, শনিবার, রবিবার এবং সরকারী বন্ধের দিনগুলোতে পণ্য খালাস স্বাভাবিক থাকা আবশ্যিক। পবিত্র ঈদ-উল-ফিতর এর পরে এবং বিভিন্ন বন্ধের দিন সমূহে আমদানীকারকগণের ওয়্যারহাউস/ গুদাম/ফ্যাক্টরী সমূহ খোলা রেখে এফসিএল/এলসিএল কার্গো চট্টগ্রাম বন্দর থেকে খালাস গ্রহণ ত্বরান্বিত করা হলে আরো অধিক পরিমাণে জাহাজ হ্যাভলিং ও কন্টেইনার এবং পণ্য খালাস সম্ভব হবে।

এমতাবস্থায়, পবিত্র ঈদ-উল-ফিতর পরে এবং বিভিন্ন বন্ধের দিন সমূহে নিত্য প্রয়োজনীয় ভোগ্য পণ্যের সাপ্লাই চেইন নিরবচ্ছিন্ন রেখে দেশে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার স্বার্থে, চট্টগ্রাম বন্দরে আগত কন্টেইনারবাহী জাহাজ হতে কন্টেইনার লোডিং-আনলোডিং কার্যক্রমের গতিশীলতা স্বাভাবিক রাখার নিমিত্তে সপ্তাহের অন্যান্য দিনের ন্যায় শুক্রবার, শনিবার, রবিবার এবং সরকারী বন্ধের দিনগুলোতেও (২৪/৭) এফসিএল ও এলসিএল পণ্যের খালাস কার্যক্রম সমহারে অব্যাহত রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। চট্টগ্রাম বন্দরে পণ্য খালাস কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নে আপনাদের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-

সহঃ টার্মিনাল ম্যানেজার (শিঃওইঃ)/জিসিবি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ